

## প্রথম দিনই বই পাচ্ছে বরিশালের শিক্ষার্থীরা

বরিশাল ও মেহেন্দিগঞ্জ প্রতিনিধি \*  
নতুন বছরের প্রথম দিনেই বরিশালে 'বই উৎসব'-এর আয়োজন করা হচ্ছে। ওই দিন নতুন বই হাতে মেতে উঠবে শিক্ষার্থীরা। সবার হাতে থাকবে বিনামূল্যের নতুন পাঠ্যবই। সরকার বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়ার বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখেছে। সবকিছু ঠিক থাকলে আসছে আগামী বছরের ১ জানুয়ারি আনন্দমুখর পরিবেশে বই উৎসব অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বিভাগীয় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা উম্মে সালামা লাইজু। বরিশাল বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানায়, বিভাগের জেলা ও উপজেলায় ধাপে ধাপে নতুন বই পৌঁছানো হচ্ছে। এবার বরিশাল বিভাগে ৫৬ লাখ ৪৮ হাজার ২৯১টি নতুন পাঠ্যবই পাচ্ছে প্রাথমিকের শিক্ষার্থীরা। ইতোমধ্যে অনেক উপজেলায়ই বই বিদ্যালয়গুলোয় পৌঁছে দেওয়া হয়েছে। বিভাগের মধ্যে বরিশাল জেলায় ১৫ লাখ ৪৪ হাজার ৮০০ বই বিতরণ করা হবে। পিরোজপুর জেলায় বিতরণ করা হবে ৬ লাখ ১৯ হাজার ৮০০, ঝালকাঠিতে ৩ লাখ ৫১ হাজার ৪৯৮, বরগুণায় ৬ লাখ ২৪ হাজার ৬৬০, পটুয়াখালীতে ১০ লাখ ৩৫ হাজার ৪৪১ এবং ভোলায় ১৪ লাখ ৭২ হাজার ৯২টি নতুন বই বিতরণ করা হবে প্রাথমিকের শিক্ষার্থীদের মধ্যে।